



আদামজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট

কলেজ কোড-৬৪১৩

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে
১ম বর্ষ বিবিএ (প্রফেশনাল) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি

আবেদন ও ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

কলেজ ওয়েবসাইট: www.acc.edu.bd

আবেদনের সময়সীমা: ০৪ জুলাই ২০২৪ বিকাল ৪টা থেকে ৩১ জুলাই ২০২৪ রাত ১২টা পর্যন্ত

★ ঢাকা সেনানিবাসে অবস্থিত সম্পূর্ণ রাজনীতিমুক্ত, সুশৃঙ্খল ও নিরাপদ পরিবেশে পরিচালিত ঐতিহ্যবাহী আদামজী ক্যান্টনমেন্ট কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিবিএ (প্রফেশনাল) কোর্সে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে প্রাথমিকভাবে অনলাইনে আবেদন করতে হবে। আবেদন ও ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এ জানা যাবে।

★ অনলাইনে পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টেড কপি অবশ্যই ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে সংগ্রহপূর্বক প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা আগামী ০১-০৮-২০২৪ তারিখ পর্যন্ত সরাসরি অত্র কলেজের ভর্তি শাখায় জমা দিয়ে আবেদন ফরমের শিক্ষার্থীর অংশ সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম এবং ফি জমা দিতে ব্যর্থ হলে ভর্তি কার্যক্রমে তার নাম অন্তর্ভুক্ত হবে না এবং পরবর্তীতে ভর্তি হওয়ার কোনো সুযোগ থাকবে না।

★ ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ৯টা থেকে বিকাল ২টা পর্যন্ত কলেজের ভর্তি ও পরীক্ষা শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো (মোবাইল: ০১৬৮৩২২৩৩৭০, ০১৭৬৯০২৬০৬১, ০১৭৬৯০২৬০৮৪ এবং বেতন সংক্রান্ত তথ্যের জন্য ০১৭৮০৫২৯৬১৩)।

বিশেষ দ্রষ্টব্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কোনো শিক্ষার্থী ২০২১-২২ অথবা ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে বর্তমান ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি হতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোনো শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় কোনো শিক্ষার্থী উক্ত শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করলে তা পুনর্বহাল করার কোনো সুযোগ থাকবে না।

বিগেডিয়ার জেনারেল আল ফারুক সিদ্দিকী, বিএসপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, অধ্যক্ষ